

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক,

ফেডারেল আইনের শর্ত অনুযায়ী নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ পাবলিক স্কুলের শিক্ষার্থীদের জাতিগত পরিচিতি এবং জাতিগোষ্ঠী সংক্রান্ত তথ্য সংগ্রহ করবে ও রেকর্ড রাখবে। এই তথ্য অবশ্যই নিউ ইয়র্ক স্টেটকে জানাতে হবে এবং সুরক্ষিত ও গোপনীয় রাখতে হবে।

এই কাজটি সম্পন্ন করতে আপনার সহায়তা আমাদের প্রয়োজন। অনুগ্রহ করে এই পৃষ্ঠার পিছনে প্রদত্ত জাতিগত এবং জাতিগোষ্ঠী পরিচিতি সংক্রান্ত প্রশ্নগুলোর উত্তর দিন। প্রথম প্রশ্নটি আপনাকে আপনার শিক্ষার্থী হিস্প্যানিক, লাতিনো, অথবা স্প্যানিশ বংশোদ্ভূত কিনা তা শেয়ার করার সুযোগ দেয়। দ্বিতীয় প্রশ্নটি আপনাকে আপনার শিক্ষার্থীর জাতিগত অথবা জাতিগোষ্ঠী সংক্রান্ত পরিচয় প্রদানের সুযোগ দেয়। ফেডারেল সরকার আপনি বেছে নিতে পারবেন এমন কিছু বিকল্প প্রদান করে। অনুগ্রহ করে উভয় প্রশ্নের জবাব দেবেন।

আমরা এই প্রক্রিয়ার স্পর্শকাতর দিকটি বুঝি। এই বিকল্পসমূহ আপনার পরিবারের নিজস্ব জাতিগত অথবা জাতিগোষ্ঠী পরিচয়ের সঠিক অথবা সম্পূর্ণ চিত্রের প্রতিনিধিত্ব নাও করতে পারে। আপনার সর্বোচ্চ বিচার-বিবেচনা ব্যবহার করে সেটা বেছে নেয়ার জন্য আমরা আপনাকে উৎসাহিত করছি। আপনি যদি উত্তর না দেয়ার সিদ্ধান্ত নেন, তবে ফেডারেল নির্দেশাবলী অনুযায়ী নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর স্কুল কর্মীকে আপনার পক্ষ হয়ে জবাব দেয়া আবশ্যিক করে।

শিক্ষার্থীদেরকে জাতি, বর্ণ, কৃষ্টি, রাষ্ট্রিক পরিচয়, লিঙ্গ, লৈঙ্গিক পরিচিতি, গর্ভাবস্থা, অভিভাসন/নাগরিকত্বের অবস্থা, প্রতিবন্ধিতা, যৌন পক্ষপাত, ধর্ম, বা জাতিগত পরিচয়ের ভিত্তিতে পাবলিক স্কুলে ভর্তি করতে অস্বীকার করা যাবে না।<sup>1</sup>

সহযোগিতা দেয়ার জন্য আপনাকে ধন্যবাদ।

পিতামাতা এবং অভিভাবকদের জন্য নির্দেশাবলী:

অনুগ্রহ করে এই পৃষ্ঠার উল্টো পিঠে দেয়া ফর্মটি পূরণ করে আপনার শিক্ষার্থীর স্কুলে ফেরত দিন।

**Directions for school staff:**

File the completed form in the student's cumulative folder as confidential information.

গোপনীয়তার প্রক্রিয়া ও প্রবিধানসমূহ: পরিবারের শিক্ষাগত অধিকার এবং গোপনীয়তার আইন (FERPA) এবং চ্যান্সেলরের প্রবিধান A-820 অনুযায়ী শিক্ষার্থীর নাম অথবা শিক্ষার্থীর আইডেন্টিফিকেশন নম্বর দ্বারা শনাক্তযোগ্য শিক্ষার্থীর কোনো রেকর্ডে অননুমোদিত প্রবেশ এবং শিক্ষার্থীর সংরক্ষিত তথ্যের অননুমোদিত প্রকাশ নিষিদ্ধ।

<sup>1</sup> স্কুলে তালিকাভুক্তির (এনরোলমেন্টের) ক্ষেত্রে জাতি একটি বিবেচ্য বিষয় হতে পারে শুধুমাত্র যেখানে কোর্ট কর্তৃক তা বাধ্যতামূলক বলে আদেশ রয়েছে; শুধু একক-লিঙ্গের স্কুলের ক্ষেত্রে লিঙ্গ একটি বিবেচ্য বিষয়।

এপ্রিল 2026 -এ চলমান অবস্থা

**SCHOOL STAFF: PLEASE COMPLETE THIS SECTION**

Student Name: \_\_\_\_\_

Date of birth: \_\_\_\_\_

Name of School: \_\_\_\_\_

DBN: \_\_\_\_\_

Grade Level: \_\_\_\_\_

Official Class: \_\_\_\_\_

NYC Student ID Number: \_\_\_\_\_

**পিতামাতা অথবা অভিভাবক: অনুগ্রহ করে এই অংশটি পূরণ করুন**

অনুগ্রহ করে 1 এবং 2 উভয় প্রশ্নের উত্তর দিন। আপনি উত্তর দেবার আগে অনুগ্রহ করে সেগুলো পড়ুন।

1 নম্বর প্রশ্নের জন্য, যে বক্সটি আপনার সন্তানের বিবরণ সবচেয়ে ভালো দেয় সেটায় টিক চিহ্ন দিন।

1. শিক্ষার্থী কি হিস্প্যানিক, লাতিনো, অথবা স্প্যানিশ বংশোদ্ভূত? হিস্প্যানিক, লাতিনো, অথবা স্প্যানিশ বংশোদ্ভূত বলতে বোঝায় এমন একজন ব্যক্তি, যার জাতিগোষ্ঠী যাই হোক না কেন, সে কিউবান, ডোমিনিকান, মেক্সিকান, পুয়েটো রিকান, সেন্ট্রাল অথবা সাউথ আমেরিকা, অথবা অন্যান্য স্প্যানিশ সংস্কৃতি অথবা বংশোদ্ভূত।

 হ্যাঁ, হিস্প্যানিক না, হিস্প্যানিক নয়

2 নম্বর প্রশ্নের জন্য, আপনার সন্তানের বেলায় প্রযোজ্য সবগুলো বক্সে টিক চিহ্ন দিন।

2. নিচের পাঁচটি জাতিগোষ্ঠী গ্রুপ থেকে এক বা একাধিক জাতিগোষ্ঠী বেছে নিন।

 আমেরিকান ইন্ডিয়ান অথবা আলাস্কার আদিবাসী: একজন ব্যক্তি, যে উত্তর আমেরিকা এবং দক্ষিণ আমেরিকার কোনো আদিবাসী গোষ্ঠীর বংশোদ্ভূত (এতে অন্তর্ভুক্ত সেন্ট্রাল আমেরিকা)। (ATS কোড: B) এশিয়ান: একজন ব্যক্তি যে দূর প্রাচ্য, দক্ষিণপূর্ব এশিয়া, অথবা ভারতীয় উপমহাদেশের আদিবাসীদের বংশোদ্ভূত, উদাহরণস্বরূপ এতে অন্তর্ভুক্ত, ক্যাম্বোডিয়া, চীন, ভারত, জাপান, কোরিয়া, মালয়েশিয়া, পাকিস্তান, ফিলিপিন দ্বীপপুঞ্জ, থাইল্যান্ড, এবং ভিয়েতনাম। (ATS কোড: C) হাওয়াইয়ের আদিবাসী অথবা অন্যান্য প্রশান্ত মহাসাগরীয় দ্বীপের অধিবাসী: একজন ব্যক্তি যে হাওয়াই, গায়াম, অথবা অন্যান্য প্রশান্ত মহাসাগরীয় দ্বীপের আদিবাসী গোষ্ঠীগুলোর কোনোটির বংশোদ্ভূত। (ATS কোড: D) কৃষ্ণাঙ্গ: একজন ব্যক্তি যে আফ্রিকার কোনো কৃষ্ণাঙ্গ জনজাতির গোষ্ঠীর বংশোদ্ভূত। (ATS কোড: E) শ্বেতাঙ্গ: একজন ব্যক্তি যে ইউরোপ, উত্তর আফ্রিকা বা মধ্যপ্রাচ্যের কোনো আদিবাসীদের বংশোদ্ভূত। (ATS কোড: F)

পিতামাতা/অভিভাবক/অন্যান্য/স্কুল স্টাফ পর্যবেক্ষক-এর স্বাক্ষর

তারিখ

শিক্ষার্থীর সাথে সম্পর্ক:

 পিতামাতা অভিভাবক অন্যান্য (সুনির্দিষ্টভাবে উল্লেখ করুন): \_\_\_\_\_ স্কুল স্টাফ পর্যবেক্ষক (নাম): \_\_\_\_\_